

ইসুজু-র হয়ে গাড়ি তৈরি করবে হিন্দুস্তান মোটরস

নিজস্ব প্রতিবেদন: ইসুজু মোটরস ইন্ডিয়ার স্পোর্টস ইউটিলিটি ভেহিকেল (এসইউভি) এবং পিক আপ ট্রাক তৈরি করবে হিন্দুস্তান মোটরস। ওই সব গাড়ির যন্ত্রাংশ বিদেশ থেকে আমদানি করা হবে। পরে চেন্নাইয়ের কাছে তিরুভাল্লুরে হিন্দ মোটরসের কারখানায় যন্ত্রাংশ জুড়ে গাড়ি তৈরি হবে। অবশ্য ওই সব গাড়ি ভারতে বিপণন করবে ইসুজু।

ইসুজু মোটরস ইন্ডিয়ার প্রেসিডেন্ট তাকাশি কিকুচি বলেন যে, অন্ধ্র প্রদেশে তাঁরা নতুন একটি গাড়ি কারখানা তৈরি করছেন। সেটি শেষ হতে বছর চারেক সময় লাগবে। তার আগেই ভারতে এসইউভি এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হাল্কা ট্রাকের বাজার ধরতে হিন্দ মোটরসের কারখানায় গাড়ি তৈরি করে তা বিপণন করতে চায় ইসুজু।

সোনা ও রুপোর দর

শনিবারের দর:

পাকা সোনা (২৪ ক্যা: ১০গ্রাম) ২৬,৩৯০ টাকা

গহনার সোনা (২২ক্যা: ১০গ্রাম) ২৫,০৪০ টাকা

রুপোর বাট (প্রতি কেজি) ৪০,৮০০ টাকা